# বাকস্বাধীনতা নিশ্চিত রেখে সাইবার আইন সংশোধন হবে: আইনমন্ত্রী



আইনমন্ত্রী আসাদুজ্জামান। ছবি: সংগৃহীত

বাকস্বাধীনতা নিশ্চিতের পাশাপাশি যাতে কারও সম্মানহানি না হয়, সেই বিষয়টি মাথায় রেখে সাইবার সুরক্ষা আইন সংশোধন করা হবে বলে জানিয়েছেন আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান।

বৃহস্পতিবার (১৭ সেপ্টেম্বর) ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে ইউএস কন্সটিটিউশন ডে সেলিব্রেশন অনুষ্ঠান শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন।

আইনমন্ত্রী বলেন, সাইবার সুরক্ষা আইন এখন খসড়া পর্যায়ে রয়েছে। সংশোধনের আগে সংশ্লিষ্ট সব অংশীজনের সঙ্গে আলোচনা করা হবে। তাদের মতামত নিয়েই পরবর্তী সিদ্ধান্ত নেওয়া হবে।

এর আগে অনুষ্ঠানে মানবাধিকার কমিশনকে আরও শক্তিশালী করার কথা জানান তিনি। আইনমন্ত্রী বলেন, সাংবিধানিক শাসন ও সুশাসন প্রতিষ্ঠা করা সরকারের অন্যতম অগ্রাধিকার।

বাংলাদেশের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের বিচারপ্রক্রিয়া বিশ্বের যেকোনো ট্রাইব্যুনালের চেয়ে এগিয়ে রয়েছে বলেও মন্তব্য করেন মো. আসাদুজ্জামান। তিনি বলেন, ব্যক্তি নয়, মানবতাবিরোধী অপরাধের বিচার করাই তাদের মূল লক্ষ্য।

এ সময় সামাজিক যোগাযোগমাধ্যমে বেনামী সংবাদমাধ্যমের ফটোকার্ড ব্যবহার করে অস্থিতিশীলতা তৈরির চেষ্টা হলে ব্যবস্থা নেওয়া হবে বলেও জানান আইনমন্ত্রী।